

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
প্রট# এফ ১/এ, আগারগাঁও  
শের-এ-বাংলা নগর, ঢাকা-১২১৭  
www.nbr.gov.bd

তারিখ: ১ জুন, ২০২৬ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

আয়কর বিভাগে চাকুরী পাইয়ে দেয়ার নামে অর্থ সংগ্রহকারী প্রতারক চক্র হতে সাবধান

সরকারের নির্দেশনা অনুসারে জাতীয় রাজস্ব বোর্ডের শূন্য পদে জনবল নিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে। দেশের বিভিন্ন স্থানে কতিপয় প্রতারকচক্র আয়কর বিভাগে চাকুরী পাইয়ে দেয়ার নামে অভিনব কৌশলে প্রতারণা বাণিজ্য করার অপচেষ্টা করছে মর্মে জাতীয় রাজস্ব বোর্ড অবহিত হয়েছে। যারা স্বাভাবিক প্রক্রিয়ায় নিজ যোগ্যতায় চাকুরী পাবেন, তাদেরকে অর্থের বিনিময়ে চাকুরী দেয়া হয়েছে মর্মে মিথ্যাচারের মাধ্যমে প্রতারণা করা এ চক্রের মূল উদ্দেশ্য। যেসকল প্রার্থী নিজ অযোগ্যতার কারণে চাকুরী পাবেন না তাঁদের কারো কারো অর্থ প্রতারক চক্রটি ফেরত দিতে পারেন, কিন্তু যারা স্বাভাবিক প্রক্রিয়ায় নিজ যোগ্যতায় চাকুরী পাবেন তাঁদের কাছ থেকে প্রতারণার মাধ্যমে নেয়া অর্থ এরা হাতিয়ে নেবে।

জনসচেতনার উদ্দেশ্যে জাতীয় রাজস্ব বোর্ড এই মর্মে সকলকে আশ্বস্ত করছে যে, আয়কর বিভাগের চলমান নিয়োগ প্রক্রিয়ায় সম্পূর্ণ স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতপূর্বক যথাযথ আইনি প্রক্রিয়া অনুসরণ করে জনপ্রশাসন মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, পাবলিক সার্ভিস কমিশন ও আয়কর বিভাগের প্রতিনিধির সম্মুখে গঠিত একটি কমিটি কর্তৃক যোগ্য প্রার্থীগণ নির্বাচিত হবেন।

কাজেই আয়কর বিভাগে চাকুরী পাইয়ে দেয়ার নামে অর্থ সংগ্রহকারী কোন দুষ্টি চক্রের তথ্য পেলে তা সংশ্লিষ্ট কর কমিশনার অফিসকে অথবা জাতীয় রাজস্ব বোর্ডের জনসংযোগ কর্মকর্তা, টেলিফোন নম্বর ০২-২২২২১৭৭৭, ইমেইলঃ [pro@nbr.gov.bd](mailto:pro@nbr.gov.bd) অবহিত করতে এবং এরূপ প্রতারণার ফাঁদে পা না দেয়ার জন্য চাকুরীপ্রার্থী ও অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।



মোঃ আল-আমিন শেখ  
জনসংযোগ কর্মকর্তা  
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা